
# নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনীকে নিরপেক্ষ থাকার নির্দেশ: স্বরাষ্ট্র উপদেষ্টা



পুলিশ লাইনস অডিটরিয়ামে সভায় স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম। ছবি: সংগৃহীত

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনী যেন কোনো রাজনৈতিক দলের পক্ষ নেওয়া থেকে বিরত থাকে, সে নির্দেশনা দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী।

বৃহস্পতিবার (২৯ জানুয়ারি) বিকেলে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনস অডিটরিয়ামে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে মতবিনিময় সভায় তিনি বলেন, এবারের নির্বাচন অতীতের যেকোনো নির্বাচনকে ছাড়িয়ে সুষ্ঠু ও নিরপেক্ষ হবে। ভোটের দিন ব্যালট বাক্স ছিনতাই বা কোনো অনিয়মের ঘটনা ঘটলে পোলিং অফিসারসহ সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা সদস্যদের ছাড় দেওয়া হবে না বলে সতর্ক করেন তিনি।

স্বরাষ্ট্র উপদেষ্টা আরও জানান, শেরপুরে জামায়াত নেতা হত্যার ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতারের কাজ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে চলছে। পাশাপাশি, তিনি সকলকে ধৈর্য ধরে পরিস্থিতি শান্ত রাখার আহ্বান জানান।

LENS ASIA